# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১১

১/ বিবিধ

---

আরবী

كذب النسابون، قال الله تعالى: وقرونا بين ذلك كثيرا
موضوع

أورده السيوطي في " الجامع " من رواية ابن سعد وابن عساكر عن ابن عباس وأورده فيما بعد بلفظ: " كان إذا انتسب لم يجاوز في نسبته معد بن عدنان بن أد ثم يمسك ويقول: كذب النسابون ... " وقال: رواه ابن سعد عن ابن عباس
وسكت عليه شارحه المناوي في الموضعين، وكأنه لم يطلع على سنده، وإلا لما جاز له ذلك، وقد أخرجه ابن سعد في " الطبقات " (1 / 1 / 28) قال: أخبرنا هشام قال أخبرني أبي عن أبي صالح عن ابن عباس مرفوعا بتمامه
قلت: وهشام هذا هو ابن محمد بن السائب الكلبي النسابة المفسر وهو متروك كما قال الدارقطني وغيره وولده محمد بن السائب شر منه قال الجوزجاني وغيره كذاب، وقد اعترف هو نفسه بأنه يكذب، فروى البخاري بسند صحيح عن سفيان الثوري قال: قال لي الكلبي: كل ما حدثتك عن أبي صالح فهو كذب
قلت: كذا في " الميزان " وفيه سقط أو اختصار يمنع نسبة الاعتراف بالكذب إلى الكلبي، كما سيأتي بيانه في الحديث (5449)
وقال ابن حبان: مذهبه في الدين ووضوح الكذب فيه أظهر من أن يحتاج إلى الإغراق في وصفه يروي عن أبي صالح عن ابن عباس التفسير، وأبو صالح لم ير ابن عباس، ولا سمع الكلبي من أبي صالح إلا الحرف بعد الحرف، لا يحل ذكره في الكتب فكيف

الاحتجاج به؟ ! ، ومن هذه الطريق أخرجه ابن عساكر في " تاريخ دمشق " (1 / 197 / 1، 198 / 2) من مخطوطة ظاهرية دمشق

বাংলা

১১১। বংশ পরিচয় দানকারীগন মিথ্যা বলেছেন, আল্লাহ তা’আলা বলেনঃ “এবং তাদের মধ্যবর্তী বহু সম্প্রদায়কে ধ্বংস করেছি।”

হাদীসটি জাল।

এটিকে সুয়ূতী তার “আল-জামে” গ্রন্থে ইবনু আব্বাস (রাঃ) হতে ইবনু সায়াদ এবং ইবনু আসাকিরের বর্ণনায় উল্লেখ করেছেন । মানবী “জামেউস সাগীর-এর শারাহতে” দুটি স্থানে এ হাদীসটি সম্পর্কে চুপ থেকেছেন। সম্ভবত তিনি এটির সনদ সম্পর্কে অবহিত হননি, অন্যথায় তার এরূপ চুপ থাকা সঠিক হয়নি। ইবনু সায়াদ হাদীসটি “আত-তাবাকাত” গ্রন্থে (১/১/২৮) হিশাম সূত্রে তার পিতা মুহাম্মাদের মাধ্যমে উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ হিশাম হচ্ছেন ইবনু মুহাম্মাদ ইবনুস সাঈব আল-কালবী। তিনি মাতরুক, যেমনভাবে দারাকুতনী প্রমুখ বলেছেন। তার পিতা মুহাম্মাদ তার চেয়েও নিকৃষ্ট। জুযজানী ও অন্যরা তার সম্পর্কে বলেনঃ তিনি মিথ্যুক। মুহাম্মাদ নিজে স্বীকার করেছেন যে, তিনি মিথ্যা বর্ণনা করেছেন। বুখারী সহীহ্ সনদে সুফিইয়ান হতে বর্ণনা করেছেন তিনি (সুফিইয়ান) বলেনঃ কালবী আমাকে বলেছেন যে, আমি তোমার নিকট যে সব হাদীস আবূ সালেহ হতে বর্ণনা করেছি সেগুলো মিথ্যা। ইবনু হিব্বান বলেনঃ তিনি ইবনু আব্বাস (রাঃ) হতে আবু সালেহ-এর সূত্রে তাফসীর বর্ণনা করেছেন। অথচ আবূ সালেহ ইবনু আব্বাসকে দেখেননি আর কালবী আবু সালেহ হতে শুনেননি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5372

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন